৯০

দৈনিক বাংলা

তারিখ 26 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

# শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর গম আত্মসাতের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা ঃ গাইবান্ধা।**– গাইবান্ধা জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর গম আত্মসাৎ এবং বিতরণে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।

সুন্দরগঞ্জ থানার পাগলাহাট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অভিভাবকরা অভিযোগ করেছেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি দীর্ঘদিন থেকে একক কার্ডধারীকে ১৫ কেজির স্থলে ৭ কেজি এবং যৌথ কার্ডধারীকে ২০ কেজির স্থলে ১০ কেজি করে গম বিতরণ করছেন। এভাবে ম্যানেজিং কমিটির কর্মকর্তারা প্রতি মাসে ৯৬৮ কেজি করে গম ছাত্রছাত্রীদের কম দিয়ে আত্মসাৎ করছেন।

অপর দিকে একই থানার উজান বোচাগাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ভাটি বোচাগাড়ি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নামে বরাদ্দ গম গত কয়েক মাস থেকে উত্তোলন করে আত্মসাৎ করা হচ্ছে বলে অভিযোগ করা হয়েছে।

সদর থানার রাধাকৃষ্ণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে একক কার্ডধারীকে ১০ কেজি করে এবং যৌথ কার্ডধারীকে ১৩ থেকে ১৫ কেজি করে গম দেয়া হয়। এ ধরনের অসংখ্য অভিযোগ থানা ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে পেশ করা হলেও কোন প্রতিকার পাওয়া যায়নি বলে অভিযোগ করা হয়েছে।